ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স-২৮৫১

করবুক, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**এমজিএন রেগায় করবুক ব্লক এলাকায় নানা উন্নয়নমূলক কাজ**

এমজিএন রেগায় চলতি অর্থবছরের এখন পর্যন্ত করবুক ব্লক এলাকায় নানা উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ণ করা হয়েছে। এরমধ্যে রয়েছে নতুন ড্রেন নির্মাণ, ব্রিক সোলিং রাস্তা নির্মাণ, বক্স কালভার্ট, সিসি রোড, নতুন জলাশয় তৈরি ইত্যাদি। এই সমস্ত কর্মসূচির মাধ্যমে ৩ লক্ষ ২৩ হাজার ৭০৪ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। ব্যয় হয়েছে ৭ কোটি ২২ লক্ষ ৭৯ হাজার টাকা। এরফলে ১১,১৩২টি পরিবারের ১৩,৫৯৬ জন শ্রমিক উপকৃত হয়েছেন। করবুক ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******